গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তিতাস, কুমিল্লা
www.comilla.titas.gov.bd

# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ.টি.এম. মোর্শেদ<br>উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা। |
| সভার তারিখ | : | ২৭ জুলাই, ২০২৩ |
| সময় | : | সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, তিতাস, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-"ক" |

সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এ বিষয়ে আলোচনার পর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং গত সভার সিদ্ধান্তের অগ্রগতি তুলে ধরার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অফিসার ইন-চার্জ, তিতাস থানা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তিতাস থানার সার্বিক বিবর তুলে ধরেন এবং তিতাস উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোথাও আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন ঘটেনি। জুন, ২০২৩ মাসের উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নিম্নবর্ণিতভাবে তথ্য উপস্থাপন করেন।

**অপরাধ চিত্র: জুন, ২০২৩**

| ডাকাতি | দস্যুতা | খুন | দাঙ্গা | অপহরণ | অস্ত্র | সিঁধেল চুরি | চুরি | নারী নির্যাতন | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| -- | -- | -- | -- | -- | -- | -- | -- | ০১ | ০৩ | ০৪ | -- |

**গ্রেফতারী পরোয়ানা তামিলের চিত্র: জুন, ২০২৩**

| পূর্ববর্তী মাস থেকে আগত | | বর্তমান মাসে কোর্ট হতে প্রাপ্ত | মোট | তামিল | রিকল | অন্যান্যভাবে খারিজ | মোট খারিজ | মুলতবী (মাস শেষে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| জিআর | ২০২ | ২৬ | ২২৮ | ০২ | ০৫ | ০১ | ০৮ | ২২০ |
| সিআর | ৫৪ | ১১ | ৬৫ | ০২ | ০৫ | ০১ | ০৮ | ৫৭ |
| সাজা | ৬৮ | ০৩ | ৭১ | ০১ | -- | ০১ | ০২ | ৬৯ |

**মামলা তদন্তের ফলাফল চিত্র: জুন, ২০২৩**

| পূর্ববর্তী মাসের জের | বর্তমান মাসে রুজু | মোট | সিএস | চূড়ান্ত রিপোর্ট | মোট | মুলতবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | ০৪ | ১৯ | -- | -- | -- | ১৯ | -- |

**ভ্রাম্যমাণ আদালতের অপরাধচিত্র: জুন, ২০২৩**

| ক্র: নম্বর | যে আইনে মোবাইলকোর্ট পরিচালনা করা হয় | মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | দণ্ড | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অর্থদণ্ড | কারাদণ্ড | |
| ০১. | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত বিভিন্ন আইনে | ৮ | ০৮ | -- | ১৪,৭০০/- | -- | -- |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **অফিসার ইন-চার্জ, তিতাস থানা:** অফিসার ইন-চার্জ, তিতাস থানা সভায় জানান যে, শোলাকান্দি গ্রামে একজন বাক প্রতিবন্ধীকে হত্যা করা হয়েছে। এ বিষয়ে তদন্ত চলমান। প্রকৃত অপরাধীকে চিহ্নিত করে গ্রেফতারের আওতায় আনা হবে। অযথায় কাউকে হয়রানী করা হবে না। রায়পুর মসজিদ নিয়ে দুপক্ষের বিবাদ চলমান। আদালতের একটি রায় আছে সে মোতাবেক সমাধান করার জন্য দুই পক্ষসহ স্থানীয় চেয়ারম্যান এর সাথে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে। এখন বর্ষাকাল চলছে। নদী ও খাল-বিলে এলাকার যুবক ছেলে-মেয়েরা নৌকা ও লঞ্চ দিয়ে ডিজে পার্টি করে থাকে। এতে করে শব্দ দূষণ হয় এবং নামাজের ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। আমরা তা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছি। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে আহবান জানাই তারা যেন এ বিষয়টি গুরুত্বসহকারে দেখেন এবং বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা নেন। অফিসের দাপ্তরিক কাজ নিয়মমাফিক চলমান আছে। | আগস্ট মাস শোকের মাস। এ মাসে সকল সরকারি সিদ্ধান্ত বিধি মোতাবেক প্রতিপালনের জন্য সকলকে অনুরোধ করা হলো। অপরদিকে রায়পুর মসজিদ নিয়ে দুপক্ষের বিবাদ আদালতের রায় মোতাবেক সমাধান করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০২. | **উপজেলা সমাজসেবা অফিস:** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীরা অনেকেই মৃত্যুবরণ করছেন। মৃত্যুবরণ করলে অফিসকে কেহ অবহিত করেন না। যারা মৃত্যুবরণ করেছেন তাদের তালিকা হালনাগাদের কাজ চলছে। প্রতিটি ইউনিয়ন ভিত্তিক তথ্য হালনাগাদের কাজ চলবে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সভায় আহবান জানান। | তিতাস উপজেলার ৯টি ইউনিয়নে কোন দিন কোন ইউনিয়নের তথ্য হালনাগাদ করা হবে তার একটি সিডিউল তৈরি করে ইউপি চেয়ারম্যানদেরকে অবহিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩. | **চেয়ারম্যান, জগতপুর ইউনিয়ন:** জগতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, রায়পুর ও কালাইরকান্দি দুটি গ্রামের মানুষ একটি মসজিদ নিয়ে বিবাদে লিপ্ত আছে। আমি দুটি পক্ষকে সমাধানের জন্য কথা বলেছি কিন্তু আমার কথা কোন পক্ষ কর্ণপাত করেন না। উভয় পক্ষের বিবাদ নিরসনে প্রশাসন ও পুলিশের সার্বিক সহযোগিতা কামনা করছি। উক্ত বিষয়টি অফিসার ইন-চার্জ, তিতাস থানা অবগত আছেন। | রায়পুর ও কালাইরকান্দির মসজিদ নিয়ে যে বিবাদ চলমান আছে তা প্রশাসন অবগত আছে। জানা যায় উক্ত মসজিদ নিয়ে একটি বিজ্ঞ আদালতের একটি রায় আছে। বিজ্ঞ আদালতের রায় মোতাবেক বিবাদ নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৪. | **চেয়ারম্যান, কড়িকান্দি ইউনিয়ন:** কড়িকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, মাদকের ব্যবহার বেড়ে গেছে তা অচিরেই দমনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। শোলাকান্দি গ্রামে একটি বাক প্রতিবন্ধীকে হত্যা করা হয়েছে মর্মে জানা যায়। উক্ত বিষয়ে তদন্ত কার্যক্রম জোরাদার করার জন্য অফিসার ইনচার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হয়। গ্রাম আদালতের বিচার কার্য আইন মোতাবেক করা হয়। আইনের বাহিরে গ্রাম আদালতে বিচার করা হয় না। আসছে শোকের মাস। উক্ত মাসে প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করছি। কিছু কিছু বাল্য বিবাহের খবর পাওয়া যায়। খবর পাওয়ার সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অবহিত করা হয়। | গ্রাম আদালতের বিচার কার্য আইন মোতাবেক বাস্তবায়ন জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধসহ স্থানীয় কোন সমস্যায় আদালতের শরণাপন্ন প্রয়োজন হলে তার পরামর্শ প্রদানের জন্যও ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫. | **চেয়ারম্যান, জিয়ারকান্দি ইউনিয়ন:** জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আমি অল্পদিন হয় পবিত্র হজ্ব পালন শেষে দেশে ফিরেছি। আমি সেখানে দীর্ঘদিন অসুস্থ ছিলাম। অনেক বাংলাদেশী হজ্ব পালন করতে গিয়ে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহে --- রাজেউন)। মহান রাব্বুল আলামিন আমাকে দেশে ফিরে আসার তৌফিক দান করেছেন এর জন্য মহান রাব্বুল আলামিনের নিকট লক্ষ কোটি শুকরিয়া জানাই। দেশে ফিরে আসার সাথে সাথে শুনতে পেলাম আমার ইউনিয়নের শোলাকান্দি গ্রামে এক বাক প্রতিবন্ধীকে হত্যা করা হয়। সাথে সাথে আমি থানায় ফোন করি এবং সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত অপরাধীদের গ্রেফতারের অনুরোধ জানাই। | জিয়ারকান্দি ইউপি চেয়ারম্যান পবিত্র হজ্ব পালন শেষে দেশে ফিরে আসায় ধন্যবাদ জানাচ্ছি। অপরদিকে বাক প্রতিবন্ধীকে হত্যার বিষয়ে সঠিক তদন্তক্রমে প্রকৃত আসামীদের গ্রেফতারের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৬. | **চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন:** মজিদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, এখন বর্ষাকাল চলছে। এলাকার যুবক ছেলে-মেয়েরা নৌকা ও লঞ্চ দিয়ে বিভিন্ন নদী ও খালে ডিজে পার্টি করে থাকে। এতে করে যুব সমাজ নষ্টসহ মাদকের সাথে জড়িয়ে যাচ্ছে। কয়েকটি ডিজে পার্টি বন্ধ করা হলে এবং জরিমানা আদায় করা হলে তা সহজেই বন্ধ হয়ে যাবে। স্থানীয় ঝামেলা উভয় পক্ষের উপস্থিতিতে গ্রাম আদালতের মাধ্যমে সমাধান করে থাকি। গ্রাম আদালতের বাহিরে কোন সমস্যা সমাধান করা হয় না। | যে সকল বিচার গ্রাম আদালতের মাধ্যমে সমাধানযোগ্য তার বিচার গ্রাম আদালতের মাধ্যমে করতে হবে এবং যে সকল স্থানীয় সমস্যা গ্রাম আদালতে বাহিরে তা বিজ্ঞ আদালতে শরণাপন্ন হওয়ার পরামর্শ প্রদানের জন্য চেয়ারম্যান, মজিদপুর ইউপিকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৭. | **অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস:** জনাব আবদুল বাতেন, অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, আগামী ৫ আগস্ট, ২০২৩ তারিখ একটি সামাজিক সংঘটন নায়ক ফেরদৌস এর উপস্থিতে প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন শিক্ষা সরঞ্জামাদি বিতরণের জন্য কলেজের মাঠ ব্যবহারের অনুমতি প্রার্থনা করেন। উক্ত বিষয়ে মহোদয়ের সদয় নির্দেশনা কামনা করছি। | আসছে আগস্ট মাস। শোকের মাস। উক্ত মাসে এ ধরণের অনুষ্ঠান করলে বিভিন্ন ধরণের সমস্যা পরিলক্ষিত হতে পারে বলে সভায় সকলে জানান। উক্ত বিষয়টি সামাজিক সংঘটনকে অবহিত করার জন্য অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস, কুমিল্লাকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। অধ্যক্ষ, গাজীপুর খান সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, তিতাস, কুমিল্লা |
| ০৮. | **সভাপতি, তিতাস উপজেলা প্রেস ক্লাব:** জনাব নাজমুল করিম ফারুক সভায় জানান যে, গ্রামের অলি-গলিতে কিন্ডার গার্ডেন স্থাপন করায় শিক্ষার মান নষ্ট হচ্ছে। অলি-গলিতে কিন্ডার গার্ডেন স্থাপনের কারণে ভালো ভালো শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। এ বিষয়ে কোন নীতিমালা আছে কিনা তা সভায় জানতে চায়। | শিক্ষার বিষয়ে উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন করা যেতে পারে। শিক্ষা সংক্রান্ত বিষয়ে জানার জন্য উপজেলা শিক্ষা অফিসে যোগাযোগ করার জন্য সভাপতি, তিতাস উপজেলা প্রেস-ক্লাবকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সভাপতি, তিতাস উপজেলা প্রেস-ক্লাব |

০১. সভাপতি জানান যে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত সকল আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে।

০২. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশ ও সংশ্লিষ্টদের সমন্বয়ে মাদকদ্রব্য ও চোরাচালান বিরোধী এবং টাস্কফোর্স অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

০৩. অবৈধভাবে বালু উত্তোলন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান, অফিসার ইন-চার্জ, তিতাস থানা ও সহকারী কমিশনার (ভূমি) কে নির্দেশ প্রদান করা হলো।

০৪. বাল্য বিবাহ নিরসনে কাজ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বলা হলো।

০৫. স্থানীয় ইউপি চেয়ারম্যান কোন গ্রাম্য শালিশ করলে দুই পক্ষের সমঝোতা স্বাক্ষর রাখতে হবে।

০৬. আসছে আগস্ট মাস শোকের মাস। উক্ত মাসে সরকারি সকল অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১.৭.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
তিতাস, কুমিল্লা।
ফোন: ০২৩৩৪৪১০০১০
ই-মেইল: unotitas1@gmail.com

তারিখ: ১৬ শ্রাবণ, ১৪৩০
৩১ জুলাই, ২০২৩

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৮.২২-৭৩১ (৫০)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জনাব সেলিমা আহমাদ, মাননীয় সংসদ সদস্য, ২৫০ কুমিল্লা-২
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮. উপজেলা ---------------------------------- অফিসার, তিতাস, কুমিল্লা।
০৯. সহকারী প্রোগ্রামার, তিতাস, কুমিল্লা। [সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১০. চেয়ারম্যান, -------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তিতাস, কুমিল্লা।
১১. জনাব ----------------------------------------------------------------------------

৩১.৭.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা।